বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৪৫০

তারিখঃ ১৪ পৌষ ১৪৩২
২৯ ডিসেম্বর ২০২৫

## পরিপত্র-৬

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রার্থীদের টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা সরকারের সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ সংক্রান্ত এবং ভোটকেন্দ্র চূড়ান্তকরণ ও ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা, ভোটগ্রহণ কর্মকর্তাদের নিয়োগ সম্পন্নকরণ এবং প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটগ্রহণকারী কর্মকর্তা ও ভোটকেন্দ্রে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সম্পর্কে মূল্যায়ন।**

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্যভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশনের সার্বিক তত্ত্বাবধানে নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম সময়োপযোগীভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রার্থীদের টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা সরকারের সেবা প্রদানকারী অন্যান্য সংস্থাসমূহের বিল পরিশোধ সংক্রান্ত বিষয়, ভোটকেন্দ্র চূড়ান্তকরণ ও ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা, ভোটগ্রহণ কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে আলোকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করা আবশ্যক।

২। **সরকারি সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২ এর দফা (১) এর উপ-দফা (ঢ) অনুসারে জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীগণ টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা সরকারের সেবা প্রদানকারী সংস্থার বা অন্য কোন বিল মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে পরিশোধ করেছেন কিনা তা নিশ্চিত হতে হবে। উল্লিখিত বিধান প্রতিপালনার্থে মনোনয়নপত্র বাছাইয়ের সময় টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি অথবা অন্যান্য সেবা প্রদানকারী সংস্থাসমূহের স্থানীয় দপ্তর হতে রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রতিনিধি প্রেরণ করার জন্যও নির্দেশনা প্রদান করতে হবে। মনোনয়নপত্রসমূহ পরীক্ষার সময় তাদের প্রদত্ত তথ্য বিবেচনা করতে হবে।

৩। **ভোটকেন্দ্র চূড়ান্তকরণ**: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক ভোটগ্রহণের তারিখের অনূন্য ২৫ দিন পূর্বে ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করার বিধান রয়েছে। ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুত ও চূড়ান্তকরণের বিষয়ে ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪০১ স্মারকের **পরিপত্র-৩** এর মাধ্যমে কতিপয় নির্দেশনা দেয়া হয়েছে। ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত পত্র নম্বর-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৯২ এর নির্দেশনা অনুসারে **(সংলগ্নী-১)** চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুত করে ২(দুই) প্রস্থ ভোটকেন্দ্রের তালিকা বিশেষ বাহক মারফত প্রদত্ত নমুনায় **(পরিশিষ্ট-ক)** নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। প্রদত্ত নমুনায় **(পরিশিষ্ট-খ)** অনুসারে সারসংক্ষেপে প্রতিটি নির্বাচনি এলাকার উপজেলা/থানা, ইউনিয়ন/ পৌরসভা/সিটি কর্পোরেশনের সংখ্যা ও নাম, ভোটকেন্দ্রের সংখ্যা, ভোট কক্ষের সংখ্যা, পুরুষ, মহিলা ও হিজড়া ভোটার সংখ্যাসহ মোট ভোটার সংখ্যা উল্লেখ করতে হবে। সার-সংক্ষেপসহ চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকার হার্ড কপির সাথে সফট্‌কপি নিকস ফন্ট-এ পেনড্রাইভসহ প্রেরণ করতে হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (২) দফা অনুসারে নির্বাচন কমিশন প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা সরকারি গেজেটে প্রকাশের ব্যবস্থা করবে। রিটার্নিং অফিসার অনুচ্ছেদ ৮(৩) এর নির্দেশনা অনুযায়ী অনুচ্ছেদ ৮(২) এর অধীন প্রকাশিত চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য ভোটগ্রহণের ব্যবস্থা করিবেন। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (৫) দফার বিধান অনুসারে প্রার্থিতা চূড়ান্তকরণের পর যদি পরিলক্ষিত হয় যে, সরকারি গেজেটে প্রকাশিত কোন ভোটকেন্দ্র কোন প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণে রয়েছে তাহলে নির্বাচন কমিশন যে কোন সময়ে তা পরিবর্তন করিতে পারিবে। নির্বাচন কমিশন কর্তৃক ভোটকেন্দ্র চূড়ান্ত করার পর বা গেজেট প্রকাশের পর উক্তরূপ বিষয়ে রিটার্নিং অফিসার তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে অবহিত করবেন।

৪। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯ এর দফা (১) ও (২) দফা অনুসারে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্ততের লক্ষ্যে তালিকা সংগ্রহের জন্য পরিপত্র-৩ এ নির্দেশনা দেয়া হয়েছে। প্যানেলভুক্ত কর্মকর্তাগণের মধ্য হতে রিটার্নিং অফিসারগণ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের কার্যক্রম চূড়ান্ত করবেন। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত

বিদ্যালয়, রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীর মধ্য হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে। অনুরূপ প্রতিষ্ঠানের মধ্য হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ সম্পন্ন না হলেই কেবল বেসরকারি অফিস/প্রতিষ্ঠান হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ দেয়া যাবে। নির্বাচন কমিশনের ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৫ (অংশ-৩)-৩৬১ নম্বর পত্রের মাধ্যমে বেসরকারী ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নাম বাদ দিয়ে প্যানেল প্রস্তুতের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত অবহিত করা হয়েছে। তবে, ভোটগ্রহণের জন্য পর্যাপ্ত সংখ্যক ভোটগ্রহণকারী কর্মকর্তা পাওয়া না গেলে বেসরকারী ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় যাচাই বাছাই করে নিয়োগ করা যাবে **(সংলগ্নী-২)।**

**৫। প্রার্থীর অধীন চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীদের ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ বিধিনিষেধ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯(১খ) অনুসারে যদি কোন ব্যক্তি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীনে চাকুরীতে নিয়োজিত থাকেন অথবা অতীতে কোন সময় নিয়োজিত ছিলেন, তবে তাকে প্রিজাইডিং অফিসার অথবা সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করা যাবে না। প্যানেলভুক্ত তালিকায় এ ধরনের কোন কর্মকর্তা/কর্মচারীর নাম থাকলে তাকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয়া যাবে না। এমনকি ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগদান করার পরও এ ধরনের কাউকে পাওয়া গেলে তার নিয়োগ বাতিল করতে হবে। তাছাড়া যে সকল কর্মকর্তা/কর্মচারী অথবা শিক্ষক/শিক্ষিকা বিতর্কিত অথবা যাদের সম্পর্কে সংশয়/মতবিরোধ রয়েছে, সেই সকল কর্মকর্তা/কর্মচারী অথবা শিক্ষক/শিক্ষিকাকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা যাবে না। কোন রাজনৈতিক দলের সদস্যকে ভোটগ্রহণকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা যাবে না।

**৬। ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগে বিশেষ দিক বিবেচনা:** প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের সময় ঐ সকল কর্মকর্তার কর্মক্ষমতা, দক্ষতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার দিকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। কেননা তাদের কর্মক্ষমতা, দক্ষতা, সততা, সাহস ও নিরপেক্ষতার উপরই অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনেকাংশে নির্ভর করে। প্রতিটি ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারগণকে সকল প্রকার প্রভাবের উর্ধ্বে থেকে নিরপেক্ষভাবে ভোটগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৭। ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কর্মকর্তাদের দায়িত্ব প্রদান সংক্রান্ত কতিপয় নির্দেশনা:** ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার হিসেবে নিয়োগ দেয়ার সময় লক্ষ্য রাখতে হবে যে, একই ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদমর্যাদা/গ্রেড ও বেতন স্কেল যেন সহকারী প্রিজাইডিং অফিসারের হতে নিম্নে না হয়। অনুরূপভাবে সহকারী প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদমর্যাদা/বেতন স্কেল যেন পোলিং অফিসারের হইতে নিম্নে না হয়।। তবে ভিন্ন ভিন্ন ভোটকেন্দ্রে দায়িত্ব পালনের ক্ষেত্রে তা বাধা হবে না। অর্থাৎ কোন একটি ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার অন্য কোন ভোটকেন্দ্রের সহকারী প্রিজাইডিং অফিসার হইতে নিম্ন পদমর্যাদার হলেও অসামাঞ্জস্য হবে না। **তাছাড়া ভোটগ্রহণ কর্মকর্তাদের চূড়ান্ত নিয়োগের সময় লক্ষ্য রাখতে হবে, যেসব প্রতিষ্ঠানে ভোটকেন্দ্র স্থাপিত হবে সে সব প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের যেন ঐ ভোটকেন্দ্রে দায়িত্ব দেয়া না হয়।** ভোটকেন্দ্র ব্যবস্থাপনার সুবিধার্থে ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত প্রতিষ্ঠানের যেকোন একজনকে ঐ ভোটকেন্দ্রের ভোটার না হলে পোলিং অফিসার হিসেবে নিয়োগ দেয়া যাবে। কোন প্রার্থী কর্তৃক কোন ভোটগ্রহণ কর্মকর্তা যাতে প্রভাবিত হতে না পারে সেজন্য প্রিজাইডিং অফিসার নিয়োগের ক্ষেত্রে যারা যে উপজেলা/থানার বাসিন্দা তাদেরকে যতদূর সম্ভব উক্ত উপজেলা/থানার কোন ভোটকেন্দ্রে দায়িত্ব দেয়া না হয়। তবে কোন কোন নির্বাচনি এলাকায় বিশেষ করে যেসব নির্বাচনি এলাকা একটিমাত্র উপজেলা নিয়ে গঠিত, সেসব নির্বাচনি এলাকায় উক্ত নির্দেশনার আলোকে প্রিজাইডিং অফিসার নিয়োগ সম্ভব নাও হতে পারে। সে ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারগণকে নিজ উপজেলাস্থ ভিন্ন কোন পৌরসভা/ইউনিয়নের ভোটকেন্দ্রে দায়িত্ব দিতে হবে। উল্লেখ্য যে, চাকুরীগত বা পেশাগত কারণে অস্থায়ীভাবে কোন এলাকায় বসবাসের ক্ষেত্রে উক্ত এলাকার বাসিন্দা বলে বিবেচিত হবে না। সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার যে ভোটকেন্দ্রের ভোটার সেই ভোটকেন্দ্রে দায়িত্ব প্রদান করা যাবে না এবং বিশেষ কোন পরিস্থিতি ব্যতীত ভোটকেন্দ্র হিসেবে স্থাপিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত ভোটকেন্দ্রের জন্য ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা যাবে না। **কোন অবস্থাতেই চতুর্থ শ্রেণীর (গ্রেড ১৭-২০) কর্মচারীদের ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ দেয়া যাবে না** অথবা ভোটগ্রহণের কোন দায়িত্ব প্রদান করা যাবে না। বিশেষভাবে উল্লেখ্য যে, প্রিজাইডিং অফিসারসহ কোন ভোটগ্রহণ কর্মকর্তা যেন কোন প্রার্থীর প্রভাবে প্রভাবান্বিত হতে না পারে অথবা পক্ষপাতমূলক আচরণের সুযোগ না পায় অথবা কাহারও বিরুদ্ধে এ ধরনের অভিযোগ উত্থাপনের সুযোগ সৃষ্টি না হয়, সেসব বিষয় বিবেচনা করে ভোটকেন্দ্র ভিত্তিক প্রিজাইডিং অফিসারসহ অন্যান্য ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ সম্পন্ন করতে হবে।

**৮। ভোটকেন্দ্রের ব্যবস্থাপনায় সংশ্লিষ্টদের সহায়তা গ্রহণ:** ভোটগ্রহণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ভোটগ্রহণের দিন, ভোটগ্রহণের আগের দিন ও পরের দিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অফিস কক্ষ, কমন রুম, আসবাবপত্রসহ বিভিন্ন দ্রব্যাদি ব্যবহার ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা গ্রহণের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত না হইলে প্রিজাইডিং অফিসারকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করার জন্য উক্ত প্রতিষ্ঠানের প্রধান সহকারীকে নির্দেশ দিতে হবে। প্রতিষ্ঠানের প্রধান সহকারী অথবা অন্য কোন কর্মচারী উভয়েই ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত হলে উক্ত প্রতিষ্ঠানের যে শিক্ষক/কর্মকর্তা//কর্মচারী ভোটগ্রহণ কর্মকর্তা

হিসেবে নিয়োজিত হবেন না, তাঁকে উক্ত দায়িত্ব প্রদান করতে হবে। যদি কোন প্রতিষ্ঠানের প্রধানসহ সকল কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষককে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়, তাহলে অভিজ্ঞ ও দায়িত্বশীল কোন চতুর্থ শ্রেণীর কর্মচারীকে ভোটগ্রহণের দিনে প্রিজাইডিং অফিসারকে সহায়তা প্রদানের লক্ষ্যে দায়িত্ব প্রদান করা যাবে অথবা অন্য কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া উল্লিখিত বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের এবং উক্ত এলাকাধীন সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করতে হবে। কোনক্রমেই কোন প্রার্থী বা রাজনৈতিক দলের সংশ্লিষ্টতা বা সহায়তা গ্রহণ করা যাবে না। এ বিষয়ে ভোটগ্রহণের কয়েক দিন পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধানকে যথাযথ নির্দেশনা প্রদান করবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, ভোটকেন্দ্রে দায়িত্ব প্রাপ্ত ভোটগ্রহণ কর্মকর্তা বা আইন-শৃংখলা বাহিনীর সদস্য কোনভাবেই কোন প্রার্থী বা রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্টতা আছে কারো কাছ থেকে কোন প্রকার খাদ্য সামগ্রী বা উপঢৌকন গ্রহণ করতে পারবে না। বিষয়টি অনুসরণের জন্য রিটার্নিং অফিসারকে কঠোর নির্দেশনা প্রদান করতে হবে।

**৯। মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** মহিলা ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য যথাসম্ভব মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার এবং মহিলা পোলিং অফিসার নিয়োগ করবেন। মহিলা ভোটাররা যাতে স্বচ্ছন্দে ও নির্বিঘ্নে ভোট দিতে সমর্থ হন তার সুবিধার্থে পর্যাপ্ত সংখ্যক ভোটকক্ষের ব্যবস্থা করে সেই অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্রতি লক্ষ্য রাখতে হবে।

**১০। ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নিয়োগপত্র:** কাজের সুবিধার্থে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের নিয়োগপত্রের একটি নমুনা এতদসংগে সংযোজন করা হলো (**পরিশিষ্ট-গ**)। এই নমুনা অনুযায়ী নিয়োগপত্রের প্রয়োজনীয় সংখ্যক কপি কম্পিউটারে কম্পোজ অথবা স্থানীয়ভাবে প্রিন্ট করে নিতে হবে। নিয়োগপত্রে (**পরিশিষ্ট-গ**) ২ নম্বর কলামে নিয়োগকৃত সহকারী প্রিজাইডিং অফিসারের মধ্য হতে এমন একজন সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ৪ নম্বর কলামে উল্লেখ করবেন যিনি প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

**১১। ভোটগ্রহণ কর্মকর্তাদের নিয়োগ চূড়ান্তকরণ ও নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ:** ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তভাবে প্রকাশিত হওয়ার সাথে সাথে ভোটগ্রহণকারী কর্মকর্তাগণের নিয়োগের কাজ আগামী ২১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। নির্বাচন পরিচালনার দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার সম্পর্কে কোন রাজনৈতিক দল অথবা প্রতিদ্বন্দ্বী প্রার্থীর যুক্তিসংগত কোন অভিযোগ থাকিলে রিটার্নিং অফিসার স্থানীয়ভাবে নিষ্পত্তি করে চূড়ান্ত করবেন। উপরোক্ত ব্যবস্থা গ্রহণ করে চূড়ান্ত নিয়োগের একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করবেন। এতদ্ব্যতীত নির্দেশনা অনুযায়ী রিজার্ভ/অতিরিক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদেরও আলাদা একটি তালিকা প্রস্তুত করে রাখতে হবে।

**১২। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ:** বর্তমানে ভোটগ্রহণ কর্মকর্তাদের উপজেলা/থানা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে Training of Trainers (TOT) -এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রতীক বরাদ্দের পর পরই ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটের তত্তাবধানে রিটার্নিং অফিসারের পরামর্শক্রমে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারদের সহায়তায় সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণের ব্যবস্থাপনায় এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এ প্রশিক্ষণে TOT প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ প্রশিক্ষণের দায়িত্ব পালন করবেন। উক্ত প্রশিক্ষণে রিটার্নিং অফিসারগণ সুপারভাইজিং প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রিজাইডিং অফিসারগণ যাতে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধির সাথে ভালভাবে পরিচিত হয়ে সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করতে পারেন তার জন্য নির্বাচন কমিশন হতে প্রয়োজনীয় ম্যানুয়াল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া অন্যান্য ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্যও প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা হবে।

**১৩। প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটগ্রহণ কর্মকর্তা ও ভোটকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সম্পর্কে ০২(দুই) দিনের মূল্যায়নঃ** প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটগ্রহণ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের সম্পর্কে বিরূপ মন্তব্য থাকলে ভোটগ্রহণের পূর্বের দিন ও ভোটগ্রহণের দিন অর্থাৎ ০২(দুই) দিনের মূল্যায়ন প্রস্তুতপূর্বক নির্বাচন শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন। এতদসংগে একটি মূল্যায়ন ফরমের নমুনা সংযোজন করা হলো (**পরিশিষ্ট-ঘ**)। রিটার্নিং অফিসার রিপোর্ট প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে উক্ত প্রতিবেদন একীভূত করে নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

২১.১২.২৫

**(মোহাম্মদ মনির হোসেন)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৪৫০

তারিখ: ১৪ পৌষ ১৪৩২
২৯ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ..................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,.......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)।

২৯/১২/২০২৫

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট-ক**

‘ছক’

## ভোটকেন্দ্রের তালিকা

নির্বাচনি এলাকার নম্বর ও নাম ..................................................

| ক্রমিক | ভোটকেন্দ্রের নাম ও অবস্থান | ভোটকক্ষের সংখ্যা | যে এলাকার ভোটারগণ এই ভোটকেন্দ্রে ভোট প্রদান করবেন (ভোটার এলাকার নাম) | | | ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পল্লী অঞ্চলের ক্ষেত্রে গ্রামের নাম | শহর অঞ্চলের ক্ষেত্রে ওয়ার্ড নম্বর/ মহল্লা/ রাস্তার নাম | যেসব কেন্দ্রে ভোটার এলাকা বিভক্ত হয়েছে সেসব ক্ষেত্রে ভোটারদের ক্রমিক নম্বর | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | |
| ১ | ২ | ৩ | ৪(ক) | ৪(খ) | ৪(গ) | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ক+খ+গ) | ৬ |
| | | | | | | | | | | |

উপজেলা/থানা :

ইউনিয়ন/পৌর এলাকা/ সিটি কর্পোরেশন:

ক্যান্টনমেন্ট বোর্ড (যদি থাকে) :

১।
২।

.....................................................................

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার

**পরিশিষ্ট-খ**

## ভোটকেন্দ্রের তথ্য সম্বলিত সার-সংক্ষেপ

নির্বাচনি এলাকার নম্বর ও নাম .......................................................

| সারসংক্ষেপ | | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উপজেলা/ থানার সংখ্যা ও নাম | সিটি কর্পোরেশন/ পৌরসভার সংখ্যা ও নাম | ইউনিয়ন/ ক্যান্টনমেন্ট বোর্ডের সংখ্যা | ভোটকেন্দ্রের সংখ্যা | | | ভোট কক্ষের সংখ্যা | | | ভোটার সংখ্যা | | | | |
| | | | স্থায়ী | অস্থায়ী | মোট | স্থায়ী | অস্থায়ী | মোট | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | |
| ১ | ২ | ৩ | ৪(ক) | ৪(খ) | ৪(ক+খ) | ৫(ক) | ৫(খ) | ৫(ক+খ) | ৬(ক) | ৬(খ) | ৬(গ) | ৬(ক+খ+গ) | ৭ |
| | | | | | | | | | | | | | |

.....................................................................

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার

**ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নমুনা**

**পরিশিষ্ট-গ**

রিটার্নিং অফিসারের কার্যালয়

...................................................

..........জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের নিয়োগপত্র

জেলার নামঃ .........................  নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ..........................................

| ভোট কেন্দ্রের নম্বর, নাম ও অবস্থানঃ ............................................................................................................ | | | | | |
|---|---|---|---|---|---|
| যে সকল এলাকার ভোটারগণ ভোট প্রদান করবেন সে এলাকার নাম ও ভোটার সংখ্যা | | | | | মোট বুথ (ভোটকক্ষ) এর সংখ্যা |
| ভোটার এলাকার নামঃ | পুরুষ | মহিলা | হিজড়া | মোট ভোটার সংখ্যা | |
| ১।............... | | | | | |
| ২।............... | | | | | |
| ৩।............... | | | | | |
| কেন্দ্রে মোট ভোটার সংখ্যা | | | | | |

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯ এর দফা ১ (১খ) এ প্রদত্ত ক্ষমতাবলে, আমি.......................................... (নাম ও মূল পদবি), .......................... (নির্বাচনি এলাকার নম্বর ও নাম) নির্বাচনি এলাকার রিটার্নিং অফিসার নিম্নবর্ণিত ব্যক্তিগণকে উপরোল্লিখিত ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য এতদ্বারা প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসাবে নিয়োগ করিলাম:

| প্রিজাইডিং অফিসারের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর | পোলিং অফিসারের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম যিনি প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করবেন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ১। | ১। | |
| | | ২। | |
| | ২। | ১। | |
| | | ২। | |
| | ৩। | ১। | |
| | | ২। | |
| | ৪। | ১। | |
| | | ২। | |

রিটার্নিং অফিসারের স্বাক্ষর
ও
নাম, পদবি সম্বলিত সিল মোহর

তারিখঃ........................

প্রাপ্তি স্বীকার ও অংগীকারনামা

(এই অংশটুকু রিটার্নিং অফিসারকে ফেরত দিতে হইবে)

আমি.............................................................................উপরে বর্ণিত নিয়োগ গ্রহণ করিয়া অংগীকার করিতেছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব সর্বপ্রকার দলীয়/ গোষ্ঠীয়/ ধর্মীয় প্রভাব হইতে মুক্ত থাকিয়া সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করিব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের ১৫৫ নং আইন) ও নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন অনুযায়ী দায়ী থাকিব।

ভোট কেন্দ্রের নম্বর ও নামঃ..................................................

তারিখঃ.........................

.............................................................................

প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার/
পোলিং অফিসারের স্বাক্ষর, নাম ও পদবি
জাতীয় পরিচিতি নম্বর এবং মোবাইল নম্বরঃ

পরিশিষ্ট-ঘ

গোপনীয়

## ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬

### প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটগ্রহণ কর্মকর্তা ও ভোটকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সম্পর্কে ০২ (দুই) দিনের মুল্যায়নঃ

নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ .............................. ভোটকেন্দ্রের নম্বর ও নামঃ...............................................................
জেলাঃ .....................................উপজেলাঃ ..................................... ভোটগ্রহণের তারিখঃ ................................

### সহকারী প্রিজাইডিং/পোলিং অফিসারের মুল্যায়ন

যে সহকারী প্রিজাইডিং/পোলিং অফিসার এর বিরুদ্ধে বিরূপ মন্তব্য তার নাম, পদবী ও কর্মস্থলের ঠিকানাঃ ..........................................

.............................................................................................................................................................................

| ক্রমিক | বিবরণ | (হ্যাঁ/না) |
|---|---|---|
| ১. | সহকারী প্রিজাইডিং অফিসার সময়মতো ভোটকেন্দ্রে উপস্থিত ছিলেন কিনা? | |
| ২. | ভোটগ্রহণে দায়িত্বশীল আচরণ করেছিলেন কিনা? | |
| ৩. | ভোট গণনার সময় সততা ও মনোযোগ বজায় রেখেছিলেন কিনা? | |
| ৪. | নির্বাচনি আইন বিধির আলোকে প্রিজাইডিং অফিসারের নির্দেশনা যথাযথভাবে পালন করেছেন কিনা? | |

বিরূপ মন্তব্যের সংক্ষিপ্ত বিবরণী:

### আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের (পুলিশ/আনসার/ভিডিপি/গ্রাম প্রতিরক্ষা সদস্য) মুল্যায়ন

যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যের বিরুদ্ধে বিরূপ মন্তব্য তার নাম, পদবী ও কর্মস্থলের ঠিকানাঃ ..........................................

.............................................................................................................................................................................

| ক্রমিক | বিবরণ | (হ্যাঁ/না) |
|---|---|---|
| ১. | আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সার্বক্ষণিক ভোটকেন্দ্রে অবস্থান করেছিলেন কিনা? | |
| ২. | ভোটকেন্দ্রের নিরাপত্তা রক্ষায় সতর্ক ছিলেন কিনা? | |
| ৩. | ভোটকেন্দ্রের আশেপাশে আইন-শৃঙ্খলা বজায় রাখতে তৎপর ছিল কিনা? | |
| ৪. | ভোটার বা ভোটগ্রহণ কর্মকর্তাদের সাথে যথাযথ আচরণ করেছেন কিনা? | |
| ৫. | কোন অনিয়মে জড়িত ছিলেন কিনা? | |
| ৬. | প্রিজাইডিং অফিসারের সাথে সমন্বয় করেছিলেন কিনা? | |
| ৭. | ভোটার সারিবদ্ধকরনে সহায়তা করেছেন কিনা? | |
| ৮. | রিটার্নিং অফিসারের নিকট ফলাফল ও নির্বাচনি মালামাল পৌঁছানো পর্যন্ত সার্বিক সহযোগিতা করেছিলেন কিনা? | |
| ৯. | নির্বাচনি আইন বিধির আলোকে প্রিজাইডিং অফিসারের নির্দেশনা যথাযথভাবে পালন করেছেন কিনা? | |

বিরূপ মন্তব্যের সংক্ষিপ্ত বিবরণী:

(প্রয়োজনে অতিরিক্ত সাদা কাগজ ব্যবহার করুন)

..................................................................
প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর, সিল ও মোবাইল নম্বর

**বিঃদ্রঃ** কোন ভোটগ্রহণ কর্মকর্তা ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যের বিরুদ্ধে বিরূপ মন্তব্য থাকলে নির্বাচন শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট রিপোর্ট জমা দিতে হবে। রিটার্নিং অফিসার ৭(সাত) দিনের মধ্যে নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

--সংলগ্নী-১

**নির্বাচন অগ্রাধিকার**

**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৯২

তারিখ: ০২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, 'জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫' অনুযায়ী ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হয় এবং দাবী আপত্তি নিষ্পত্তিপূর্বক ২০ অক্টোবর ২০২৫ তারিখে ভোটকেন্দ্রের প্রাথমিক চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়। উক্ত প্রাথমিক চূড়ান্তকৃত ভোটকেন্দ্রসমূহ উল্লিখিত নীতিমালা অনুসরণে কোন পরিবর্তন, প্রতিস্থাপন বা সংশোধনের প্রয়োজন হলে তা সম্পন্ন করত: ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সংযুক্ত ছক অনুযায়ী ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে ০২ (দুই) প্রস্থ হার্ডকপি (সফট্ কপি নিকস ফ্রন্ট-এ পেনডাইভসহ) বাহক মারফত প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

২। উল্লেখ্য, প্রস্তাবিত ভোটকেন্দ্রের তালিকা প্রেরণের সময় নিম্নলিখিত বিষয়াদি যাচাই করে নিশ্চিত করতে হবে:

(ক) নির্বাচনী এলাকার নম্বর ও নাম সঠিক আছে কিনা?
(খ) উপজেলা/থানার নাম সঠিক আছে কিনা?
(গ) ভোটকেন্দ্রের নম্বর, সিরিয়াল নম্বর সঠিক আছে কিনা?
(ঘ) ভোটারের সংখ্যা সঠিকভাবে লিপিবদ্ধ আছে কিনা? যোগফল সঠিক আছে কিনা?
(ঙ) অস্থায়ী কেন্দ্র ও অস্থায়ী কক্ষের বিষয়ে ব্যাখ্যা আছে কিনা ও অস্থায়ী কক্ষের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঘরে অস্থায়ী লিখিত আছে কিনা?
(চ) ভোটারের সংখ্যার সাথে ভোটকেন্দ্র ও ভোটকক্ষের সংখ্যা নীতিমালা অনুযায়ী আছে কিনা?

৩। উল্লেখ্য যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যবহৃত যে সকল ভোটকেন্দ্র পরিবর্তন করা হয়েছে এবং গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য যে সকল ভোটকেন্দ্র নতুন প্রস্তাব করা হয়েছে তার আসনভিত্তিক সারসংক্ষেপ প্রেরণ করতে হবে। এছাড়াও 'জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫' অনুযায়ী ভোটকেন্দ্রের প্রস্তাব করা হয়েছে মর্মে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসারকে প্রত্যয়নসহ প্রেরণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

17.12.2025

**(মোঃ হুমায়ুন কবির)**
উপসচিব (নিঃসঃওস)
ফোন- ০২-৫৫০০৭৫১৬

**সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার**
**............................................................ (সকল)।**

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৮৯২

তারিখ: ০২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. বিভাগীয় কমিশনার ............................ (সকল)।
২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার .......................... (সকল মেট্রোপলিটন পুলিশ)।
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক ...................................... (সকল রেঞ্জ)।
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা .................................... (সকল)।
৫. রিটার্নিং অফিসার ......................... (সকল), ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন।
৬. পুলিশ সুপার ............................................ (সকল)।
৭. সহকারী রিটার্নিং অফিসার................. (সকল), ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন।
৮. উপজেলা নির্বাহী অফিসার ............................. (সকল)।
৯. উপজেলা/ থানা নির্বাচন অফিসার ......................... (সকল)।
১০. অফিসার ইন-চার্জ .................................. (সকল থানা)।

**(মোঃ রশিদ মিয়া)**
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-৩)

g:\ত্রয়োদশ সংসদ নির্বাচন_২০২৫\parliament election letter-2025.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

-সংলগ্নী-২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৫(অংশ-৩)-৩৬১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রস্তুতকৃত ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল হতে বেসরকারী ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বাদ দিয়ে প্যানেল প্রস্তুতের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তবে, ভোটগ্রহণের জন্য পর্যাপ্ত সংখ্যক ভোটগ্রহণ কর্মকর্তা পাওয়া না গেলে বেসরকারী ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় যাচাই বাছাই করে নিয়োগ করা যাবে।

০২। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে আগামী **১৮ ডিসেম্বর ২০২৫** তারিখের মধ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুতের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতি জরুরী।

১৪.১২.২৫

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৫(অংশ-৩)-৩৬১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ...................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ...................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, (সকল)
১১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক,.............................. (সকল রেঞ্জ)
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল) [নির্ধারিত সময়ে প্যানেল প্রস্তুত কার্যক্রম সম্পন্নের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক (সকল)
১৭. পুলিশ সুপার, (সকল)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

e:\back_up_18_06_25\laptop_backup_10.4.25\hossain work\letter\bibdh letter.doc

১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................................. মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)।
২২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সকল)
২৪. অফিসার-ইন-চার্জ, (সকল থানা)

১৪/১১/২০২৫

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com